

🗏 আল-আদিয়াত | Al-Adiyat | ٱلْعَادِيَات

আয়াতঃ ১০০ : ১

া আরবি মূল আয়াত:



কসম উর্ধশ্বাসে ছটে যাওয়া অশ্বরাজির, — আল-বায়ান

শপথ সেই (ঘোড়া) গুলোর যারা ঊর্ধ্বশ্বাসে দৌড়ায়, — তাইসিরুল

শপথ উধর্বশ্বাসে ধাবমান অশ্বরাজীর, — মুজিবুর রহমান

By the racers, panting, — Sahih International

১. শপথ উধর্বশ্বাসে ধাবমান অশ্বরাজির(১),

(১) عدو শান্দটি عدو থেকে উদ্ভূত। অর্থ দৌড়ানো। ضبح বলা হয় ঘোড়ার দৌড় দেয়ার সময় তার বক্ষ থেকে নির্গত আওয়াজকে। কোন কোন গবেষকের মতে এখানে দৌড়ায় শব্দের মাধ্যমে ঘোড়া বা উট অথবা উভয়টিও উদ্দেশ্য হতে পারে। তবে ইমাম কুরতুবী ঘোড়াকেই প্রাধান্য দিয়েছেন।

তাফসীরে জাকারিয়া

১। শপথ ঊর্ধ্বশ্বাসে ধাবমান অশ্বরাজির। [1]

اعدیات হল عادیات و به عادیات و اعزیات ত্রারা পরিবর্তন করা হয়েছে। এর অর্থ হল উর্ধ্বেশ্বাসে ধাবমান অশ্ব বা ঘোড়া। ضبَح শব্দের অর্থ হল ইর্পানো। কারো নিকট এর অর্থ হল, চিহি রব করা। উদ্দেশ্য সেই অশ্বরাজি; যেগুলি হাঁপিয়ে হাঁপিয়ে অথবা চিহি রব করে (উর্ধ্বেশ্বাসে) জিহাদে দ্রুত গতিতে শক্রর দিকে ছুটে যায়।

তাফসীরে আহসানূল বায়ান

• Source — https://www.hadithbd.com/quran/link/?id=6147

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন